সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
স:মেঃই-১/ মেঃই-২
◇ নথি
ডাইরি নং.............
তারিখঃ 14/12/19
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সভার তারিখ	২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২:৩১ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় জানান যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা মোট ৬০টি। প্রতিশ্রুতিসমূহের বিপরীতে ৭৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ২৮টি প্রকল্প সম্পূর্নরূপে বাস্তবায়িত হয়েছে। ১৪টি প্রকল্প আংশিক বাস্তবায়ন করার প্রেক্ষিতে মাননীয় প্রধামন্ত্রীর প্রতিশ্রুত কার্যাদি সম্পন্ন হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১১টি প্রকল্প চলমান রয়েছে। ৮টি প্রতিশ্রুতির বিপরীতে আংশিক বাস্তবায়নযোগ্য কাজ চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত হলেও এ বিভাগের সাথে সংশ্লিষ্টতা নেই বিধায় ৩টি প্রকল্প বাস্তবায়ন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১টি প্রতিশ্রুতি অন্য মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিধায় সে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যে সকল প্রকল্পের কিছু কাজ অবশিষ্ট রয়েছে সেগুলোকে আংশিক বাস্তবায়িত হিসেবে গণ্য করা হয়েছে।

২. প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রম/ প্রকল্পের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের ডাটাবেইজ হালনাগাদকরণ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বিষয়ে গৃহীত কার্যক্রম প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে নিয়মিত হালনাগাদ করা হয়। সংশ্লিষ্ট উইং/সার্কেল থেকে এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়।	প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদ তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ উপপ্রধান (সওজ জিওবি)

২.২ বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	প্রকল্প পরিচালক জানান যে, রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর জেলা সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটারে বেকুটিয়া পয়েন্টে কঁচা নদীর উপর ১৪৯৩ মিঃ দৈর্ঘ্যের ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ কাজ চলমান রয়েছে। গত ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখে চীন সরকার কর্তৃক নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠান China Railway 17th Bureau Group Co. Ltd. এর সাথে Contract Agreement স্বাক্ষরিত হবার পর Notice to Commence (কার্যাদেশ) প্রদান করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান ০৬-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে কাজ শুরু করেছে। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে স্থানীয় টাকায় ২০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্যাবধি সিডি ভ্যাট এবং অন্যান্য (ডিপিএ সহ) খরচ বাবদ সর্বমোট ৩০৮০৭.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। নভেম্বর/২০১৯ নাগাদ সংশ্লিষ্ট প্রকল্পের আর্থিক এবং বাস্তব অগ্রগতি যথাক্রমে ৩৭% এবং ৪৭%। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করার লক্ষ্যে বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার নির্দেশনা দেয়া হয়।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করার লক্ষ্যে বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক

২.৩ পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৪২)	লেবুখালী-বাউফল-দশমিনা-গলাচিপা-আমরাগাছিয়া সড়কের (Z-8806) ১৪তম কিঃমিঃ এ লোহালিয়া নদীর উপর বগা পয়েন্টে প্রায় ১০২০ মিঃ দৈর্ঘ্যের সেতুটি নির্মিত হবে। গত ১১-০৫-২০১৭ ইং তারিখে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে অনুদান চুক্তি স্বাক্ষরীত হয়েছে। গত ০৫ মে ২০১৯ 1st Quarterly meeting of 2019 between ERD, China Embassy and Relevant Ministries সংক্রান্ত সভায় সেতুটি নির্মাণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। উল্লেখিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত প্রকল্পের অনুকূলে চীনা অনুদান প্রাপ্তির লক্ষ্যে, গত ১৬-০৫-২০১৯ খ্রিঃ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক প্রেরীত চীনা অনুদান প্রকল্প প্রস্তাব টেমপ্লেট (Project Proposal for Chinese Grant Project, Template) অনুযায়ী তথ্যাদি সন্নিবেশিত করে গত ১৭/০৭/২০১৯ ইং তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। চীনা অনুদান প্রকল্প প্রস্তাব টেমপ্লেট (Project Proposal for Chinese Grant Project, Template) অনুযায়ী সংশোধন প্রস্তাব গত ০১-১২-২০১৯ তারিখে এ বিভাগ হতে ইআরডি'তে প্রেরণ করা হয়েছে। সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়।	সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সওজ অধিদপ্তর ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং
২.৪ মংলা নদীর উপর ঝুলন্ত ১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৭)	মোড়লগঞ্জ (কেয়ার বাজার)-মংলা সড়কের (Z-7701) ৪২তম কিঃমিঃ এ মংলা নদীর উপর মংলা পোর্ট পয়েন্টে প্রায় ১০৫০ মিঃ দৈর্ঘ্যের মংলা সেতু নির্মিত হবে। প্রকল্প পরিচালক জানান যে, সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডির সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সওজ অধিদপ্তর ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং

২.৫ বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (ঝপঝপিয়া সেতু) নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৮/খ)	গল্লামারী-বটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেষ্ট সড়কের (Z-7606) ২১তম কিঃমিঃ এ পানখালী নদীর উপর বটিয়াঘাটা পয়েন্টে (অপর প্রান্ত-দাকোপ) প্রায় ১১৪০ মিঃ দৈর্ঘ্যের সেতুটি নির্মিত হবে। সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডির সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। সেতুটি নির্মাণের লক্ষ্যে Abu Dhabi Fund for Development (ADFD) কেও ঋণ সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে মর্মে সভায় প্রকল্প পরিচালক জানান। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং
২.৬ পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৫০)	বরিশাল (দিনারেরপুল)-লক্ষীপাশা-দুমকি (জেড-৮০৪৪) সড়কের ২৭তম কিঃমিঃ এ পান্ডব-পায়রা নদীর উপর প্রস্তাবিত নলুয়া বাহেরচর সেতুটি নির্মিত হবে। সেতুটির দৈর্ঘ্য প্রায় ১৩০০.০০ মিটার। প্রকল্পটির সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় ১১৫.৫৩ মিলিয়ন ইউএস ডলার (৯৮২০১.১২ লক্ষ টাকা)। বর্ণিত প্রকল্পের অনুকূলে অর্থায়নের লক্ষ্যে OPEC Fund for Internation Development (OFID) এর সহিত গত ২৫/০৭/২০১৯ ইং তারিখে ৭৫.০০ মিলিয়ন ইউএস ডলারের ঋণ সহায়তা প্রদানের জন্য Aide Memoire স্বাক্ষরিত হয়েছে। ডিসেম্বর/২০১৯ নাগাদ বর্ণিত প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের ডিটেইল্ড ডিজাইনসহ অন্যান্য কাজের উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেয়া হয়।	(ক) ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; (গ) প্রকল্পের ডিটেইল্ড ডিজাইনসহ অন্যান্য কাজের উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং
২.৭ আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ১৪)	ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের মুল কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা দেয়া হয়। যে সকল প্যাকেজের দরপত্র আহবান করা হয়নি সে সকল প্যাকেজের দরপত্র আহবান কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয় এবং এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়।	(ক) ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের মুল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে; (খ) যে সকল প্যাকেজের দরপত্র আহবান করা হয়নি সে সকল প্যাকেজের দরপত্র আহবান কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; (গ) এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

২.৮ সুনামগঞ্জ-মদনপুর-দিরাই- শাল্লা-আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের শাল্লা-জলশুকা অংশের সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ২১/গ)	গত ২৬-১১-২০১৯ তারিখ এ প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত শুরু করার নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন
২.৯ দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-১)	প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয় এবং প্রকল্পের এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্যও নির্দেশনা দেয়া হয়।	(ক) প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে; (খ) এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন
২.১০ বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কি: মি: সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-৩)	ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা দেয়া হয় এবং এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; (খ) এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন
২.১১ বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (প্রতিশ্রুতি ক্রম ৪)	অনুমোদিত প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করা এবং এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
২.১২ বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (প্রতিশ্রুতি ক্রম ২৬)	ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। প্রকল্পের মূল কার্যক্রম বাস্তবায়নের জন্য ও ডিটেইল্ড ডিজাইন এলাইনমেন্ট কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়।	(ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে; (খ) প্রকল্পের মূল কার্যক্রম বাস্তবায়ন ও ডিটেইল্ড ডিজাইন এলাইনমেন্টের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	সওজ অধিদপ্তর
২.১৩ লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়ক	প্রকল্প পরিচালক সভাকে জানান যে, শরীয়তপুর অংশের ভূমি অধিগ্রহণের প্রাক্কলন করা হয়েছে। ভূমি অধিগ্রহণ প্রাক্কলন চূড়ান্ত করে প্রকল্পের এই অংশের কার্যক্রম দ্রুত শুরু করার নির্দেশনা দেয়া হয়।	শরীয়তপুর অংশের ভূমি অধিগ্রহণ প্রাক্কলন চূড়ান্ত করে প্রকল্পের এই অংশের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌলী, গোপালগঞ্জ জোন

২.১৪ সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্প	সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/পুনর্গঠিত ডিপিপি যথাযথ ও উপযুক্ত তথ্যাদি সন্নিবেশ করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়। আরো বলা হয় যে, ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করা এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করা সমীচীন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। প্রকল্প প্রণয়নে দ্বৈততা পরিহারের জন্য সংস্থাকে পরামর্শ প্রদান করা হয়। সড়ক নিরাপত্তা বিশ্বমানে উন্নীত করার উদ্যোগ হিসেবে সরেজমিনে পরিদর্শনপূর্বক পর্যাপ্ত এবং আধুনিক সাইন সিগন্যালের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। আঞ্চলিক ও জেলা মহাসড়কে যানবাহন চলাচল নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে নিয়মিত সংস্কার কাজ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/ পুনর্গঠিত ডিপিপি/পিডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করতে হবে এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে; (গ) যে সকল প্রকল্প গ্রহণের জন্য স্ট্যাডি প্রকল্প/কার্যক্রম গ্রহণ করতে হবে তা অবিলম্বে শুরু করতে হবে; (ঘ) প্রকল্প প্রণয়নে দ্বৈততা পরিহার করতে হবে; (ঙ) সড়ক নিরাপত্তা বিশ্বমানে উন্নীত করার উদ্যোগ হিসেবে সরেজমিনে পরিদর্শনপূর্বক পর্যাপ্ত এবং আধুনিক সাইন সিগন্যালের ব্যবস্থা গ্রহণ করতে হবে; (চ) আঞ্চলিক ও জেলা মহাসড়কে যানবাহন চলাচল নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে নিয়মিত সংস্কার কাজ অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর
২.১৫ পিডিপিপি	সভায় অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত (ক্রম ২৬ ও ৩৭) প্রকল্পের পিডিপিপি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন এবং ৩৮(আংশিক), ৪২ ও ৫০ ক্রমভুক্ত প্রতিশ্রুত প্রকল্পের পিডিপিপি বৈদেশিক সহায়তা অনুসন্ধানের নিমিত্ত ইআরডিতে প্রক্রিয়াধীন। এছাড়া, নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত মহাসড়কাংশ এবং চট্টগ্রাম থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত মহাসড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার জন্যও সভায় পুনঃউল্লেখ করা হয়।	(ক) নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত সড়কাংশ এবং চট্টগ্রামের সীতাকুন্ড থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত সড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি জরুরি ভিত্তিতে শুরু করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর
২.১৬ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়ন করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয় এবং সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সর্তক ও আরও যত্নশীল হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর

৩. প্রকল্প বাস্তবায়নে আরো আন্তরিক ও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২২.১৯.৫২৩ তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৬

১১ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

দীপ জন মিত্র
সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)